



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ফেনী
ইআইআইএন: ১৩৩৪৬১ জা.বিশ্ব. কলেজ কোড: ৪১১২

ফোন : ০২৩৩৪৪-৭২৬৪২
মোবাইল : ০১৭৮৯০১২৬৩৫
ইমেইল : ttcollegefeni@yahoo.com
ওয়েব : ttc.feni.gov.bd
ফেসবুক : www.facebook.com/trainingcollegefeni/



স্মারক নং : ৩৭.০২.৩০২৯.১৮.০০০.২২.০৩৮৯

তারিখ : ২০.০৯.২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০২১ - ২০২২ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদী Bachelor of Education (Honours) বা বি.এড (সম্মান) প্রোগ্রামে প্রাথমিক আবেদনের মাধ্যমে ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions-এর Prospectus/Important Notice ট্যাবে পাওয়া যাবে। এ ছাড়া প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাদি, ফিস, ভর্তি ও পরবর্তী কার্যক্রমের আপডেট কলেজের ওয়েবসাইট (ttc.feni.gov.bd) ও ফেসবুক পেইজ (facebook.com/trainingcollegefeni/) থেকেও জানা যাবে। নোটিফিকেশন পাওয়ার সুবিধার্থে কলেজের ফেসবুক পেইজ-এ লাইক দিয়ে রাখার জন্য পরামর্শ দেওয়া যাচ্ছে।

ক্লাস শুরুর তারিখ : ৩০ অক্টোবর ২০২২

গুরুত্বপূর্ণ তারিখসমূহ

- অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহের শেষ তারিখ : **১০ অক্টোবর ২০২২ রাত ১২টা পর্যন্ত**
- আবেদনের প্রিন্ট কপি ও আবেদন ফি (৩০০/-) কলেজে জমাদানের শেষ তারিখ: **১১ অক্টোবর ২০২২ দুপুর ০১টা পর্যন্ত**

সাধারণ নির্দেশাবলী

- অনলাইন আবেদনের লিংক: ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Professional Tab থেকে Apply Now (Hons. Professional) অপশন নির্বাচন করে প্রয়োজনীয় তথ্যাবলি ইনপুট দিয়ে সাবমিট করতে হবে।
- বিশ্ববিদ্যালয় নির্ধারিত ৩০০/- (তিনশত) টাকা আবেদন ফিস সরাসরি কলেজ অফিসে পরিশোধ করতে হবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয় যথাসময়ে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রস্তুত ও প্রকাশ করবে। ফলাফল প্রকাশ হলে কলেজের ওয়েবসাইট ও ফেসবুক পেইজে আপলোড করা হবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয় বা অন্যান্য বিশ্ববিদ্যালয়ে যে কোনো শিক্ষা কার্যক্রমে বর্তমানে ভর্তিকৃত বা অধ্যয়নরত কোনো শিক্ষার্থী এ শিক্ষাবর্ষে ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল হবে। তবে পূর্বের ভর্তি বাতিলপূর্বক ভর্তি হতে পারবে।

প্রাথমিক আবেদন ফরম জমাদান

- কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তিতে উল্লেখিত আবেদনের যোগ্যতা অনুসরণ করতে হবে।
- প্রাথমিক আবেদন ফরম আগামী ২০/০৯/২০২২ থেকে ১১/১০/২০২২ খ্রি. তারিখ (প্রতিদিন বেলা ০১:০০ টার মধ্যে) জমা নেওয়া হবে।
- ডাউনলোডকৃত প্রাথমিক আবেদন ফরমটি প্রিন্ট করে ফরমের সর্বদানে উপরে নিজের মোবাইল নম্বর ও নিজের ইমেইল এড্রেস লিখে আবেদন ফিসসহ সরাসরি কলেজ অফিসে জমা দিতে হবে।
- ফি জমা ও ডাউনলোডকৃত প্রাথমিক আবেদন ফরম কলেজে জমাদানের পর ১১/১০/২০২২ তারিখ বেলা ২টার মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.nu.ac.bd/admissions) Student Login করে স্ট্যাটাস যাচাই (Status Received) করার জন্য পরামর্শ দেওয়া যাচ্ছে। প্রাথমিক আবেদন নিশ্চায়ন না হয়ে থাকলে অবশ্যই জরুরীভাবে কলেজ অফিসের সাথে যোগাযোগ করতে হবে। অন্যথায় এ সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- এই কলেজের নামে আবেদন ফরম পূরণ করে অন্য কলেজে ফিস বা আবেদন ফরম জমা দিলে কিংবা অন্য কলেজের নামে আবেদন ফরম পূরণ করে এই কলেজে ফিস বা আবেদন ফরম জমা দিলে সংশ্লিষ্ট আবেদনকারীর ফরম অনলাইনে এন্ট্রি বা নিশ্চায়ন হবে না। এ সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

কলেজের সুযোগ-সুবিধা ও বৈশিষ্ট্য

- ✂ রাজনীতিমুক্ত ক্যাম্পাস ✂ দেশে-বিদেশে প্রশিক্ষণপ্রাপ্ত, অভিজ্ঞ ও উচ্চতর যোগ্যতাসম্পন্ন শিক্ষকমন্ডলী
- ✂ পুরুষ ও মহিলাদের জন্য পৃথক মানসম্পন্ন আবাসিক হোস্টেল ✂ শীতাতপ নিয়ন্ত্রিত সুপারিসর-আধুনিক কম্পিউটার ল্যাব
- ✂ মাল্টিমিডিয়া ও স্মার্টবোর্ড সুসজ্জিত শ্রেণি কক্ষ ✂ সমৃদ্ধ লাইব্রেরি ও রিডিংরুম ✂ পাঠদানে আধুনিক পদ্ধতি ও কৌশল অনুসরণ


প্রয়োজনে যোগাযোগ : জনাব মোহাম্মদ সেলিম সরকার - ০১৮১৮৭৩০১৯২
জনাব সেখ ওবায়দুল ইসলাম - ০১৭১১২০৯৭১৪

জনাব মোঃ সালাহ উদ্দিন - ০১৭১৭৩৮০৯৫৩
জনাব মোঃ মনির আহমদ - ০১৭৪১৬৩৫৭১৫

প্রতিস্বাক্ষর:


২০/০৯/২০২২

(মোহা. আখতার হোছাইন কুতুবী)
উপাধ্যক্ষ ও অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ফেনী।


২০/৯/২২

(মোহাম্মদ সেলিম সরকার)

সহকারী অধ্যাপক ও
আহ্বায়ক, বি.এড (সম্মান) ভর্তি কমিটি-২০২২
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ফেনী।